ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা) ।

পরিপত্র নং-ইহিশাঃ২৩(পলিসি)/২০১৩-১৫ তারিখ ঃ ১৪/০১/২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস
ঢাকা ।

প্রিয় মহোদয়,

**ছেঁড়াফাটা ও ত্রুটিপূর্ন নোট ব্যাংক শাখায়**
**গ্রহণ এবং উহার বিনিময়মূল্য প্রদান প্রসংগে ।**

বিগত ১০/১২/২০১২ তারিখের পরিপত্র নং ০৪ এর মাধ্যমে Bangladesh Bank (Note Refund) Regulations-1976 রহিত করে Bangladesh Bank (Note Refund) Regulations-2012 কার্যকর করা হয়েছে । এ প্রেক্ষিতে Bangladesh Bank (Note Refund) Regulations-2012 এর ৮ ও ৯নং অনুচ্ছেদের আলোকে ছেঁড়া-ফাটা, খন্ডিত ও ময়লা নোট গ্রহণ ও উহার বিনিময়মূল্য প্রদানের বিষয়ে পরিশিষ্ট ‘ক’ তে বর্নিত নির্দেশনা অনুসরনের পরামর্শ দেয়া হলো ।

২। ব্যাংক শাখাগুলো কর্তৃক ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণের পরিসংখ্যান মাসিক ভিত্তিতে প্রধান কার্যলয়/প্রিন্সিপাল অফিস থেকে পরিবীক্ষণ করতে হবে । এ ধরনের নোট গ্রহণে কোন ব্যাংক শাখার অনীহা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে এবং সংশ্লিষ্ট নির্বাহীদের বিরুদ্ধে প্রয়োজনে ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৩। এ বিষয়ে আপনাদের সকল শাখায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া হল ।

৪। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

**( মোঃ মজিবর রহমান )**
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০০৯০

**পরিশিষ্ট 'ক'**

## ছেঁড়াফাটা ও ময়লা নোট গ্রহণে এবং বিনিময়মূল্য প্রদানে তফসিলী ব্যাংক শাখার করণীয়
## (Guidelines for scheduled banks regarding payment of defective/torn/mutilated and soil notes)

Bangladesh Bank (Note Refund) Regulations - 2012 এর বিধান মোতাবেক ছেঁড়াফাটা খন্ডিত ও ময়লাযুক্ত নোট গ্রহণ ও উহার বিনিময়মূল্য প্রদানের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবে ঃ

১। ব্যাংকের প্রত্যেক শাখায় জনসাধারনের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে **"ছেঁড়া-ফাটা ও ময়লা নোট গ্রহণ করা হয়"** মর্মে একটি নোটিশ স্থাপন করতে হবে । নোটিশে উল্লেখ থাকবে যে ঃ

- ময়লা অবিকৃত নোটের বিনিময়মূল্য জমা গ্রহণকালেই পরিশোধ করা হবে;
- কোন ছেঁড়া নোটের কোন অংশ যদি অনুপস্থিত থাকে এবং বিদ্যমান অংশ যদি ৯০% এর অধিক হয় তবে সেরূপ নোটের সম্পূর্ন বিনিময়মূল্য সরাসরি কাউন্টারের মাধ্যমে প্রদান করা যাবে ;
- কোন নোট যদি একাধিক খন্ডে খন্ডিত না হয় এবং নোটের সম্পূর্ন অংশ বিদ্যমান থাকে তাহলে সে নোটের সম্পূর্ন বিনিময়মূল্য সরাসরি কাউন্টারের মাধ্যমে প্রদেয় হবে;
- অধিক ছেঁড়াফাটা, অত্যধিক জীর্ণ, আগুনে পোড়া/ঝলসানো/ড্যাম্প এবং ৯০% বা এর চেয়ে কম রয়েছে এমন নোটের বিনিময় মূল্য বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্তি সাপেক্ষে প্রদেয় হবে; মূল্য সংগ্রহের জন্য এসব নোট বাংলাদেশ ব্যাংকে প্রেরণের ডাক বা ক্যুরিয়ার মাশুল নোট জমাদানকারী থেকে আদায়যোগ্য হবে;
- জালনোট উপস্থাপনকারীকে এবং একাধিক নোটের বিভিন্ন অংশ সংযোজন করে (Built-up) নোট উপস্থাপনকারীকে আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের হাতে সোপর্দ করা হবে।

২। উপরোক্ত নোটিশের ঘোষণা মোতাবেক অল্প ছেঁড়াফাটা ও ময়লা নোটের সম্পূর্ন বিনিময়মূল্য প্রদানে ব্যাংক শাখা নিম্নবর্ণিত ব্যবস্থা অনুসরণ করবে ঃ

ক) ব্যাংকশাখার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকের ক্ষেত্রে ন্যূনতম ১ম শ্রেণীর কর্মকর্তা এবং বেসরকারী ব্যাংকের ক্ষেত্রে অবশ্যই মর্যাদার দিক থেকে উক্ত পদমর্যাদার সমান) নিশ্চিত হবেন যে উপস্থাপিত নোটটিতে সম্পূর্ণ নোটের ৯০% এর বেশী অংশ বিদ্যমান এবং আসল নোট হিসেবে সন্দেহাতীতভাবে সনাক্ত হবার মতো পর্যাপ্ত নিরাপত্তা বৈশিষ্ট্য নোটটিতে রয়েছে।

খ) উপস্থাপিত নোট একাধিক খন্ডে খন্ডিত নয় এবং খন্ড দুটি সন্দেহাতীতভাবে একই নোটের অংশের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিশ্চিত হবেন। এসব ক্ষেত্রে জমাগ্রহণকালে নোটের বিচ্ছিন্ন খন্ডদুটো এক পিঠে যথাসম্ভব সরু আকারের হালকা কাগজ দিয়ে এমনভাবে জোড়া লাগাতে হবে যাতে আসল নোট হিসেবে সনাক্তকরণের জন্য নোটটির পরীক্ষণে অসুবিধা না হয় । দুই খন্ডে বিচ্ছিন্ন হয়নি কিন্তু পরীক্ষণকালে নাড়াচাড়ায় বিচ্ছিন্ন হতে পারে এমন জীর্ণ নোটেরও এক পিঠে অনুরূপভাবে যথাসম্ভব সরু আকারের হালকা কাগজ দিয়ে আবদ্ধ করতে হবে যাতে আসল নোট হিসেবে সনাক্তকরণের জন্য প্রয়োজনীয় পরীক্ষণে অসুবিধা না হয়।

চলমান পাতা-০২

পূর্ববর্তী পৃষ্ঠা হতে ঃ

গ) অল্প ছেঁড়াফাটা নোট ও ময়লা নোটর বিনিময়মূল্য প্রদান করে গৃহীত এসব নোট বাংলাদেশ ব্যাংকে বা সোনালী ব্যাংক লিঃ এর চেষ্ট শাখায় জমা দেয়ার সময় পুনঃপ্রচলনযোগ্য নোটের সংগে মিশ্রিত না করে পৃথকভাবে প্যাকেট করে প্রেরণ করতে হবে।

৩। জমাগ্রহণকালেই সরাসরি কাউন্টারের মাধ্যমে বিনিময়মূল্য প্রদানযোগ্য নোট ব্যতীত অন্যান্য নোট অর্থাৎ, অত্যধিক জীর্ণ, আগুনে পোড়া/ঝলসানো/ড্যাম্প বা সম্পূর্ণ নোটের ৯০% বা এর চেয়ে কম রয়েছে এমন নোট গ্রহণপূর্বক তার মূল্য সংগ্রহের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণে নিম্ন বর্ণিত ব্যবস্থা অনুসরণীয় হবে ঃ

ক) নোটের মূল্যমান, সিরিজ, নম্বর, জমাদানকারীর নাম ও পূর্ণ ঠিকানা সম্বলিত আবেদন পত্রের সংগে ব্যাংক শাখা নোটটি গ্রহণ করবে। পরীক্ষণকালে নাড়াচাড়ায় বিচ্ছিন্ন হতে পারে এরকম নোটের এক পিঠে যথাসম্ভব সরু আকারের হালকা সাদা কাগজ দিয়ে এমনভাবে আবদ্ধ করতে হবে যাতে আসল নোট হিসেবে সনাক্তকরণের জন্য নোটটির পরীক্ষণে অসুবিধা না হয় । নোটের কোন অংশ বিদ্যমান না থাকলে সেখানে কোন কাগজ লাগানো যাবে না ।

খ) জমাদানকারীর আবেদনপত্রসহ গৃহীত নোট শাখার ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে সরাসরি বাংলাদেশ ব্যাংকের নিকটতম কার্যালয়ের মহাব্যবস্থাপক বরাবরে বাহকের মাধ্যমে কিংবা প্রাপ্তি স্বীকার স্লিপ সম্বলিত রেজিষ্ট্রি ডাকযোগে/ক্যুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক প্রাপ্তির ০৮(আট) সপ্তাহের মধ্যে নোট রিফান্ড রেগুলেশন্স এর আওতায় নোটটির মূল্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে ও মূল্য প্রদানযোগ্য হলে সংশ্লিষ্ট ব্যাংকের হিসাবে মূল্য আকলন করা হবে।

৪। জালনোট উপস্থাপনকারীকে বা একাধিক নোটের বিভিন্ন অংশ একত্র করে প্রস্তুতকৃত (Built-up) নোটের উপস্থাপনকারীকে আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের কাছে সোপর্দকরণকালে বাংলাদেশ ব্যাংকের নিকটতম কার্যালয়কেও অবহিত করতে হবে।

*****